

ইত্তমাক

২৩ জুন ২০০৮

পৃষ্ঠা - ১৩

ক্লেইচার্জড়িয়া ৩৭৮.৮৪৯২

ইস্ট ওয়েস্ট ভার্সিটির সেমিনারে বক্তৃতা ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণে লাইব্রেরীযানদের এগিয়ে আসতে হবে

বৃহত্তর এশিয়া অঞ্চলে সমাপ্তি ডিজিটাল লাইব্রেরী উন্নয়ন জরুরি বলে অভিমত ব্যক্ত করেছেন বিশিষ্ট শিক্ষাবিদরা। তারা ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণের ক্ষেত্রে লাইব্রেরীযানদের অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। গত রবিবার রাজধানীতে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরী আয়োজিত 'ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণ ব্যবস্থাপনায় এশিয়ার ডিজিটাল লাইব্রেরীগুলোর ভূমিকা' শীর্ষক এক সেমিনারে বক্তৃতা এ আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের মহাখালী ক্যাম্পাসে অনুষ্ঠিত এ সেমিনারে নিউজিল্যান্ড এর ডিট্রোরিয়া ইউনিভার্সিটি অফ ওয়েলিংটন এর ইনফরমেশন ম্যানেজমেন্ট স্কুলের প্রখ্যাত শিক্ষাবিদ প্রফেসর জি.ই. গৱামেন এবং ডট্টের ডনিয়েল ডবনার মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রফেসর ও ভারপ্রাপ্ত উপাচার্য ড. মুনিরুদ্দিন আহমেদ সেমিনারের উদ্বোধন করেন। ইউনিভার্সিটির লাইব্রেরী প্রধান দিলারা বেগম ধন্যবাদ জ্ঞাপন করেন। সেমিনারে বিভিন্ন সরকারি এবং বেসরকারি ইউনিভার্সিটি, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান, এনজিওতে কর্মরত লাইব্রেরীযানবৃন্দ এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি-এর শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারে বৃহত্তর এশিয়া অঞ্চলে ডিজিটাল লাইব্রেরীর উন্নয়নের ডিজিটাল সংরক্ষণ পদ্ধতির প্রধান বিবেচ্য বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়। ডিজিটাল লাইব্রেরী উন্নয়নে বাস্তব অভিজ্ঞতা এবং ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণের উপর প্রকাশিত প্রবন্ধসমূহের ভিত্তিতে বক্তৃতা বিয়য়বস্তু উপস্থাপন করেন। এশিয়া অঞ্চলে সমাপ্তি ডিজিটাল লাইব্রেরী উন্নয়নে কি করা উচিত, কি করতে হবে এবং কি কি বিষয়ের উপর জোর দেয়া দরকার সে বিষয়েও আলোকপাত করা হয়। - প্রেস বিজ্ঞপ্তি

